



আওয়ামী লীগ আমলে দুর্নীতির শীর্ষে পৌঁছায় দেশ: রাষ্ট্রপতি



ছবি: সংগৃহীত

তৎকালীন আওয়ামী লীগ সরকারের সময় বাংলাদেশ দুর্নীতিতে বিশ্ব তালিকার শীর্ষ অবস্থানে পৌঁছেছিল বলে মন্তব্য করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বৃহস্পতিবার (১২ মার্চ) ত্রয়োদশ জাতীয় সংসদে দেওয়া ভাষণে তিনি এ কথা বলেন।

রাষ্ট্রপতি জানান, সরকারের চালু করা 'ফ্যামিলি কার্ড' উদ্যোগটি নারী ক্ষমতায়নের একটি গুরুত্বপূর্ণ প্রতীক হিসেবে কাজ করেছে। তিনি আরও বলেন, গণ-অভ্যুত্থানের মাধ্যমে একটি ফ্যাসিবাদী সরকারের পতন ঘটেছে। জুলাইয়ের গণ-আন্দোলন ও শহীদদের স্মরণে অন্তর্বর্তী সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপও তিনি তুলে ধরেন।

বর্তমান সরকারের নানা উন্নয়ন ও প্রশাসনিক কার্যক্রমের কথাও ভাষণে উল্লেখ করেন রাষ্ট্রপতি। একই সঙ্গে তিনি পুনর্ব্যক্ত করেন, আওয়ামী লীগ সরকারের সময় দেশ দুর্নীতির চরম অবস্থায় পৌঁছেছিল।

আন্তর্জাতিক প্রসঙ্গে মধ্যপ্রাচ্যের চলমান যুদ্ধ পরিস্থিতি নিয়েও কথা বলেন তিনি। দেশের অর্থনৈতিক অবস্থা, মূল্যস্ফীতি এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ সম্পর্কেও তথ্য তুলে ধরেন রাষ্ট্রপতি।

কৃষি ও অর্থনীতিসহ বিভিন্ন খাতে জনকল্যাণমূলক পদক্ষেপে বর্তমান সরকার সফল হবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।